



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা  
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

জালালাবাদ ওয়ার্ডে ১৩ কোটি টাকার  
উন্নয়ন কাজ পরিদর্শনে সিটি মেয়র

চট্টগ্রাম- ১১ জুলাই ২০১৮

নগরীর ২নং জালালাবাদ ওয়ার্ডে ৬টি উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। প্রকল্প সমূহের মধ্যে খাজা রোড, খন্দকিয়া খাল পাড় রোড, চক্রেসু কানন রোড, পলিটেকনিক রোড হতে বাংলা বাজার রোড, বেটেলিয়ান রোড থেকে রুবি গেইট পর্যন্ত এবং শেরশাহ কলোনী রোড ও ড্রেইন উন্নয়ন রয়েছে। এডিপির আওতায় এ সকল রোড ও ড্রেইন উন্নয়নের জন্য প্রায় ১৩ কোটি টাকা ব্যয় হবে। আজ দুপুরে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন শিল্প এলাকার রাস্তার উন্নয়ন কাজ এবং চন্দ্রনগর প্রবেশ মুখ রাস্তা প্রশস্তকরণ কাজ সরেজমিনে পরিদর্শনকালে একথা জানান। সেই সময় সিটি মেয়রের সাথে স্থানীয় কাউন্সিলর সাহেদ ইকবাল বাবু, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী আবু ছিদ্দিক ও এস্টেট অফিসার এখলাস উদ্দিন আহমদ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। শিল্পাঞ্চলের রাস্তার উন্নয়নের অংশ হিসেবে ইতোমধ্যে চন্দ্রনগর মসজিদ পর্যন্ত রাস্তার সম্প্রসারণ কাজ শুরু হয়েছে। পূর্বে এ রাস্তাটি ১৫ ফুট প্রশস্ত ছিল। বর্তমানে ফুলকলি কারখানার স্থাপনা ভেঙ্গে ৩০ ফুট প্রশস্ত করণের কাজ চলছে। সিটি মেয়র চলমান এ সমস্ত রাস্তার কাজ সরেজমিনে পরিদর্শনে গেলে স্থানীয় বাসিন্দারা সিটি মেয়রের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা সিটি মেয়রকে জানান যে এর ফলে দীর্ঘদিনের চলাচলের প্রতিবন্ধকতা দূরিভূত হবে। উপস্থিত সমবেত এলাকাবাসীদের সাথে আলাপকালে সিটি মেয়র বলেন নগরবাসীর সমস্যা নিরসন করা তার নৈতিক দায়িত্ব ও কর্তব্য। তার উপর অর্পিত এ দায়িত্ব পালনে তিনি কখনো পিছপা হবেন না বলে উল্লেখ করেন। মেয়র কাজের গুণগত মান অক্ষুন্ন রাখার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ দেন।

(প্রেস বিজ্ঞপ্তি)

## চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম- ১১ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ বুধবার দুপুরে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে বায়েজিদ থানাধীন রুবি গেইট এলাকা মোড় থেকে নাসিরাবাদ শিল্প এলাকার সড়কের উভয় পাশের রাস্তা, ফুটপাথ ও নালার জায়গায় অবৈধভাবে গড়ে উঠা জন দূর্ভোগ সৃষ্টিকারী শতাধিক ভাসমান দোকান পাট ও রাস্তার উপর গড়ে উঠা ট্রাক স্ট্যান্ড উচ্ছেদ করে রাস্তা ও ফুটপাথ অবৈধ দখলমুক্ত করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারি বায়েজিদ থানা ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

(প্রেস বিজ্ঞপ্তি)

### বিসিবি'র মাঠকর্মীদের প্রশিক্ষণ অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম-১১ জুলাই ২০১৮

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের চট্টগ্রাম ভেন্যু জহুর আহমদ চৌধুরী স্টেডিয়ামে ২ দিন ব্যাপী মাঠ কর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি আজ বুধবার শেষ হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, বিসিবি পরিচালক ও চট্টগ্রাম ভেন্যুর চেয়ারম্যান আ জ ম নাছির উদ্দীন। উপস্থিত ছিলেন বিসিবি'র গ্রাউন্ডস এন্ড ফ্যাসিলিটিজ ন্যাশনাল ম্যানেজার সৈয়দ আব্দুল বাতেন, ভেন্যু ম্যানেজার ফজলে বারী খান রুবেল। প্রশিক্ষণ পরিচালনা করেন বিসিবি কিউরেটর প্রাভিন হিঙ্গানিকার এবং বিসিবি কিউরেটর জাহিদ রেজাবাবু। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মডিয়া ব্যক্তিত্ব সাইফুল আলম বাবু।

২দিন ব্যাপী এই প্রশিক্ষণে চট্টগ্রাম জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম, এম এ আজিজ স্টেডিয়াম, বন্দর স্পোর্টস কমপ্লেক্স এবং মেডিকেল মাঠের মাঠ কর্মীবৃন্দ অংশগ্রহণ করেন। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, খেলাধুলার উন্নয়নে মান সম্পন্ন মাঠ, উইকেট ও আউটফিল্ড প্রস্তুত করতে মাঠ কর্মীদের প্রশিক্ষণ কর্মশালা আয়োজন একটি অত্যন্ত যুগোপযোগী উদ্যোগ। চট্টগ্রামের মাঠকর্মীরা বিশ্বকাপ ক্রিকেট, টি-২০ বিশ্বকাপ ক্রিকেট, অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেট আয়োজন সহ বিভিন্ন জাতীয় আন্তর্জাতিক খেলায় বিশ্বমানের মাঠ প্রস্তুত করে সুনাম অর্জন করেছে। দেশব্যাপী মাঠ কর্মীদের এই প্রশিক্ষণ কর্মসূচী আয়োজনের জন্য তিনি বিসিবি'র গ্রাউন্ডস কমিটিকে ধন্যবাদ জানান এবং ক্রীড়া উন্নয়নে যোগ্যতা সম্পন্ন মানবসম্পদ গড়ে তুলতে এই ধরনের আয়োজনে সর্বাঙ্গিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

(প্রস বিজ্ঞপ্তি)  
ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন নিয়ে  
সংবাদ সম্মেলন কাল

চট্টগ্রাম-১১ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় আসন্ন ১৪ জুলাই “জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন” সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে আগামীকাল ১২ জুলাই বৃহস্পতিবার সকাল ১১ টায় নগরীর সদরঘাট রোডস্থ চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে এক সংবাদ সম্মেলন এর আয়োজন করা হয়েছে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন